

আয-যারিয়াত | Adh-Dhariyat | الذَّارِيَّاتِ

আয়াতঃ ৫১ : ১

আরবি মূল আয়াত:

وَالذَّرِّيَّتِ ذُرُوءًا

অনুবাদসমূহ:

কসম ধূলিঝড়ের, — আল-বায়ান

শপথ সেই বাতাসের যা ধূলাবালি উড়ায়, — তাইসিরুল

শপথ ধূলি ঝঞ্ঝার, — মুজিবুর রহমান

By those [winds] scattering [dust] dispersing — Sahih International

১. শপথ(১) ধূলিঝঞ্ঝার,

(১) (وَالذَّرِّيَّاتِ ذُرُوءًا) এখানে الذَّرِّيَّاتِ বলে ধূলিকণা বিশিষ্ট ঝঞ্ঝাবায়ু বোঝানো হয়েছে। তারপর বলা হয়েছে, (فَالْحَامِلَاتِ وَفِرًّا) এখানে الْحَامِلَاتِ এর শাব্দিক অর্থ বোঝাবাহী; অর্থাৎ যে মেঘমালা বৃষ্টির বোঝা বহন করে। তারপর বলা হয়েছে, (فَالْجَارِيَّاتِ يُسْرًا * فَالْمُفْسِمَاتِ أَمْرًا) এখানে الْجَارِيَّاتِ ও الْمُفْسِمَاتِ এর ব্যাখ্যায় মুফাসসিরগণ ভিন্ন ভিন্ন মত পোষণ করেছেন। কেউ এ কথাটিকে অগ্রাধিকার দিয়েছেন যে, এ দুটি বাক্যাংশের অর্থও বাতাস [ফাতহুল কাদির]। অর্থাৎ এ বাতাসই আবার মেঘমালা বহন করে নিয়ে যায় এবং ভূপৃষ্ঠের বিভিন্ন অংশে ছড়িয়ে পড়ে। আল্লাহর নির্দেশানুসারে যেখানে যতটুকু বর্ষণের নির্দেশ দেয়া হয় ততটুকু পানি বন্টন করে [কুরতুবী]।

এ তাফসীর অনুসারে পুরো চারটি আয়াতই ঝঞ্ঝাবায়ুর সাথে সংশ্লিষ্ট। পক্ষান্তরে আরেক দল মুফাসসির الْجَارِيَّاتِ আয়াতাংশের অর্থ করেছেন দ্রুতগতিশীল নৌকাসমূহ এবং الْمُفْسِمَاتِ এর অর্থ করেছেন সেসব ফেরেশতা যারা আল্লাহর নির্দেশ অনুসারে তাঁর সমস্ত সৃষ্টির জন্য বরাদ্দকৃত জিনিস যথা রিযিক, বৃষ্টির পানি এবং কষ্ট ও সুখ ইত্যাদি তাদের মধ্যে বন্টন করে [ফাতহুল কাদির]। আবার কারও কারও মতে الْجَارِيَّاتِ বলে বোঝানো হয়েছে, তারকাসমূহ যারা তাদের কক্ষপথের প্রতি সহজেই চলে থাকে। আল্লাহ তা'আলা এ চারটি বস্তুর শপথ করে কিয়ামত সংঘটিত হওয়া যে বাস্তব তা বিধৃত করেছেন। [দেখুন, ইবন কাসীর] উপরে যে অর্থ বর্ণিত হয়েছে তা আলী রাদিয়াল্লাহু আনহুর তাফসীর অনুসরণ করে করা হয়েছে। তিনি এরূপই তাফসীর করেছেন। [দেখুন, ইবন কাসীর]

(১) শপথ ঝড়ো হাওয়ার। [1]

[1] এ থেকে বুঝানো হয়েছে সেই বাতাস বা ঝড়কে, যা ধূলা-বালি উড়িয়ে ছড়িয়ে দেয়।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4676>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন